

স্মার্ট ব্রাহ্মণবাড়িয়া বেস্ট আইডিয়া এওয়ার্ড

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৮ সালে ঘোষণা করেছিলেন রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ। এ লক্ষ্য অর্জিত হবার পর আমাদের পরবর্তী গন্তব্য রূপকল্প ২০৪১: স্মার্ট বাংলাদেশ, যা অর্জনের মাধ্যমে আমরা জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী ও অন্তর্ভুক্তিমূলক উচ্চ আয়ের দেশে পরিণত হব।

এ লক্ষ্যে জেলা প্রশাসন ব্রাহ্মণবাড়িয়া এর উদ্যোগে “স্মার্ট ব্রাহ্মণবাড়িয়া বেস্ট আইডিয়া এওয়ার্ড” প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। এ প্রতিযোগিতার মাধ্যমে ব্রাহ্মণবাড়িয়া জেলা হতে স্মার্ট ব্রাহ্মণবাড়িয়া বিনির্মাণের উদ্দেশ্যে প্রস্তাব/আইডিয়া সংগ্রহ করা হবে। ব্রাহ্মণবাড়িয়া জেলার যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠান উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। প্রস্তাবটি অবশ্যই যুগপোযোগী ও বাস্তবায়নযোগ্য এবং ব্যয়সীমা বাস্তবসম্মত হতে হবে। আইডিয়া/প্রকল্প প্রস্তাব ২৭ এপ্রিল, ২০২৩ এর মধ্যে নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করতে হবে।

ই-মেইল: ictsectionbb@gmail.com

প্রস্তাবটি জাতীয় পর্যায়ে নির্বাচিত হলে প্রস্তাব জমাদানকারীকে জেলা প্রশাসন ব্রাহ্মণবাড়িয়া থেকে বিশেষ সম্মাননা প্রদান করা হবে।

উক্ত প্রতিযোগিতার প্রকল্পের জন্য নিম্নোক্ত ক্ষেত্রসমূহ নিয়ে কাজ করতে হবেঃ স্মার্ট সিটি/স্মার্ট ভিলেজ/স্মার্ট শিক্ষা/স্মার্ট স্বাস্থ্যসেবা/স্মার্ট সামাজিক সুরক্ষা/স্মার্ট কৃষি/স্মার্ট ম্যানুফেকচারিং/স্মার্ট সেবা খাত/স্মার্ট প্রশাসন/স্মার্ট ইউটিলিটি/স্মার্ট পরিবহন।

বিস্তারিত তথ্যের জন্য <http://brahmanbaria.gov.bd/> ওয়েবসাইটে “স্মার্ট ব্রাহ্মণবাড়িয়া” মেনু দেখুন।